

ফল প্রকাশে তিনবার তারিখ বদল

একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে হযবরল

■ নিজামুল হক

তিনবার তারিখ ঘোষণা করেও কলেজে ভর্তির ফল প্রকাশ করতে পারেনি ঢাকা শিক্ষা বোর্ড। এ কারণে উদ্বেগ-উৎকণ্ঠায় রয়েছেন প্রায় ১২ লাখ শিক্ষার্থী: যারা বিভিন্ন কলেজে ভর্তি হওয়ার জন্য অনলাইনে আবেদন করেছেন। রাতভর কম্পিউটারের সামনে বসে থেকে, মোবাইল এসএমএসের দিকে নজর দিয়েও তারা ফল প্রকাশের খবর জানতে পারেননি। উদ্বিগ্ন অভিভাবক-শিক্ষার্থীরা গতকাল শনিবার বিভিন্ন গণমাধ্যমের অফিসে ফোন দিয়ে এ বিষয়ে তাদের উদ্বেগ প্রকাশ করেছেন।

ফল প্রকাশ নিয়ে বোর্ডের সংশ্লিষ্ট ওয়েবসাইটেও স্পষ্ট কোন উধ্য ছিল না। ফল প্রকাশ না করার কারণ ব্যাখ্যা করতে গিয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বকর সিদ্দিক

ইত্তেফাকে জানান, কারিগরি ক্রটির কারণে এমনটি হয়েছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) যদি না পারে, তাহলে আমরা যাব কোথায়? তবে তিনি জানান, বুয়েটের কারিগরি বিশেষজ্ঞ টিম সন্নিহিত করেছে আজ রবিবার সকালে ফল প্রকাশ করা হবে।

সূত্র জানায়, প্রথমে বৃহস্পতিবার রাত সাড়ে ১১টায় একাদশ শ্রেণির ফল প্রকাশের কথা ছিল। রাতভর অপেক্ষা করে সময় পার করেছেন শিক্ষার্থীরা। এরপর শুক্রবার রাত সাড়ে ১১টায় বেধা তালিকার প্রকাশের সময় নির্ধারণ করে বোর্ড। কিন্তু এ সময়ও ফল প্রকাশে ব্যর্থ হয় বোর্ড। রাতভর অপেক্ষায় থেকেও ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা ওয়েবসাইটে ফল পাননি। পরে জানা যায়, শনিবার সকাল ৮টায় ফল প্রকাশ হবে। কিন্তু তা-ও করা হয়নি। সর্বশেষ ঢাকা বোর্ড থেকে আজ রবিবার সকালে

ফল প্রকাশের কথা জানানো হয়। তবে এ বিষয়ে ওয়েবসাইটে কিছুই উল্লেখ নেই। সেখানে উল্লেখ করা আছে, '২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণের কাজ চলছে, ফলাফল প্রকাশের সময় শীঘ্রই জানিয়ে দেয়া হবে।'

শিক্ষাসচিব মো. নজরুল ইসলাম খান এ প্রশ্নে বলেছেন, তিনবারের ব্যর্থতার পর ভর্তিচ্ছুদের ভোগান্তি কমাতে রবিবার ফল প্রকাশ করাই যুক্তিযুক্ত হবে। এবার ভুল হলে বুয়েট ও শিক্ষাবোর্ড কারোরই মুখ রক্ষা হবে না। ঢাকা শিক্ষা বোর্ড জানিয়েছে, বুয়েটের ৫ সদস্য বিশিষ্ট একটি টিম একাদশ শ্রেণিতে ভর্তির ফল প্রস্তুত করার দায়িত্ব নেন। কিন্তু কারিগরি ক্রটির জন্য

পৃষ্ঠা ১৯ কলাম ৭

ফল প্রকাশ

প্রথম পৃষ্ঠার পর

যথসময়ে ফল প্রকাশ করতে পারেননি। তারা বার বার সময় চেয়ে নেন, কিন্তু ফল প্রস্তুত করতে ব্যর্থ হন। গতকাল সকালে পুনরায় বুয়েটের কম্পিউটার বিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. কায়কোবাদের নেতৃত্বে আরো ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি কাজের দায়িত্ব নেন। তারা বোর্ডকে আশ্বস্ত করেন দ্রুত ফল প্রকাশ করা সম্ভব হবে। অনেক বেশি সংখ্যক পরীক্ষার্থী এবং একেকজন শিক্ষার্থীর কলেজ বাছাইয়ের অনেকগুলো 'চয়েস' থাকায় এই সমস্যা দেখা দিয়েছে বলে বোর্ডকে জানিয়েছে বুয়েটের সংশ্লিষ্ট টিম।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলেন, বুয়েট ক্যাম্পাসেই ফল প্রকাশের কাজ চলছে। আমরা এখন তাদের দিকেই তাকিয়ে আছি।

www.xiclassadmission.gov.bd এই ওয়েবসাইটে বহু প্রত্যাশিত এই ফল পাওয়া যাবে।

এদিকে ভর্তি নীতিমালা অনুযায়ী, ১ জুলাই একাদশ শ্রেণিতে ক্রাস শুরু হওয়ার কথা। আর বিলম্ব ফি ছাড়া ভর্তির শেষ তারিখ ৩০ জুন। ফল প্রকাশে বিলম্ব হওয়ায় ভর্তির সময় বাড়ানো হবে কী-না এমন প্রশ্নের জবাবে ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলেন, এখনও ফল প্রকাশ করতে পারিনি। ভর্তির সময় বাড়ানো নিয়ে এখনও ভাবিনি। যে সময় আছে তার মধ্যে ভর্তি করা সম্ভব হবে। তবে কলেজ কর্তৃপক্ষ আবেদন করলে সময় বাড়ানোর চিন্তাভাবনা করা যেতে পারে।